

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৭৫১

পর্ব-৫: জানাযা (كتاب الجنائز)

পরিচ্ছেদঃ ৭. তৃতীয় অনুচ্ছেদ - মৃত ব্যক্তির জন্য কাঁদা

আরবী

وَعَنِ ابْنِ عُمَرَ قَالَ: نَهَى رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنْ تُتْبَعَ جَنَازَةٌ مَعهَا رانة. رَوَاهُ أَحْمد وَابْنِ مَاجَه

বাংলা

১৭৫১-[৩০] ইবনু 'উমার (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, সে জানাযায় শরীক হতে রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নিষেধ করেছেন যে জানাযার সাথে মাতমকারী মহিলা থাকে। (আহমাদ ও ইবনু মাজাহ)[1]

ফুটনোট

[1] হাসান : ইবনু মাজাহ্ ১৫৮৩, সহীহ আল জামি' আস্ সগীর ৬৮১০।

ব্যাখ্যা

ব্যাখ্যা: এ হাদীসে এমন জানাযার সাথে চলতে নিষেধ করা হয়েছে, যে জানাযার সাথে বিলাপ করে ক্রনদনকারী মহিলা আছে।

হাদীসে বা, শব্দের অর্থ কামুস গ্রন্থের আলোকে উচ্চৈঃস্বরে বিলাপ সহ ক্রন্দনকারিণী মহিলা। অর্থাৎ জানাযার পেছনে কোন মহিলার উচ্চৈঃস্বরে ক্রন্দন করাকে বুঝানো হয়েছে। এরই সাথে এ হাদীসটি এমন জানাযার সাথে হাঁটার ক্ষেত্রে হারামের দলীল, যার সাথে উচ্চৈঃস্বরে বিলাপ করে ক্রন্দনকারী মহিলা রয়েছে।

কারী (রহঃ) বলেন, এর অর্থ হল, যখন জানাযার সাথে কোন খারাপ কিছু থাকবে তখন এ বিধান।

ইবনু মাজাহ ও ইমাম আহমাদ হাদীসটি বর্ণনা করেছেন। তবে ইবনু মাজাহয় এ হাদীসের সানাদে ইয়াহ্ইয়া আবূ ইয়াহ্ইয়া কান্তাত নামে একজন রাবী আছেন। ইসরাঈল আবূ ইয়াহ্ইয়া কান্তাত থেকে অনেক মুনকার হাদীস বর্ণনা করেছেন।



ইবনু মু'ঈন বলেন, এর সানাদ দুর্বল।

ইয়া কুব ইবনু সুফ্ইয়ান এবং বাযযার বলেন, এতে কোন সমস্যা নেই।

হাফিয ইরাক্টী বলেন, হাদীসটি সহীহ-এর অন্তর্ভুক্ত। কেননা নুহা তথা বিলাপ হারাম হওয়ার হাদীসগুলো দ্বারা তার সমর্থন পাওয়া যায়।

সর্বোপরি কথা হল, এ হাদীসের সমর্থনে আরো অনেক সহীহ হাদীস রয়েছে, যা মৃত ব্যক্তির জন্য বিলাপ সহ উচ্চৈঃস্বরে ক্রন্দন করার হারাম হওয়ার প্রমাণ বহন করে। আল্লাহ ভাল জানেন।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন